



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০৫.১০.২০২৪

প্রেস রিলিজ

পাবপ্রবি'র ছাত্র উপদেষ্টা দপ্তরের পরিচালক হলেন ড. রাশেদুল হক

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা দপ্তরের নতুন পরিচালক হলেন সিভিল ইঞ্জিনিয়ারিং (পুরকৌশল) বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. রাশেদুল হক। আজ শনিবার (৫ অক্টোবর) তাকে এ পদে দায়িত্ব প্রদান করা হয়।

ড. রাশেদুল হক ১৯৯০ সালে পাবনা জিলা স্কুল থেকে এসএসসি এবং ১৯৯২ সালে পাবনার এডওয়ার্ড কলেজ থেকে কৃতিত্বের সাথে এইচএসসি পাশ করেন। তিনি খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে বিএসসি করেন। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে এমএসসি ডিগ্রি লাভ করেন। ড. রাশেদুল পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। ২০১৩ সালে তিনি এই বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে যোগদান করেন। এর আগে তিনি বিশ্ববিদ্যালয়ের পরিবহন প্রশাসক এবং বিভাগের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছেন।

বার্তা প্রেরক

মো. বাবুল হোসেন

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১৯১৩৩৭৬৯২৫